

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮১৭

আগরতলা, ২২ জুন, ২০২২

আঠাইবাড়ি উচ্চ বিদ্যালয়ে কোভিড-১৯ টিকাকরণ

বাইজলবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন উপেন্দ্রনগর উপস্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত আঠাইবাড়ি উচ্চ বিদ্যালয়ে গত ১৫ জুন কোভিড-১৯ টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এদিন এই টিকাকরণ কর্মসূচিতে ১২ উর্ধ্ব মোট ১৫ জনকে কোভিড-১৯ টিকা প্রদান করা হয়। এর মধ্যে তিনজনকে প্রথম ডোজ ও ১২ জনকে কোভিড-১৯ টিকার দ্বিতীয় ডোজ দেওয়া হয়। এই টিকাকরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন এমপিডব্লিও মণিরঞ্জন দেববর্মা, সুমিত্রা দেববর্মা এবং এলাকার আশাকর্মী। স্বাস্থ্যকর্মীরা টিকাকরণের পাশাপাশি সবাইকে করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
